দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন

জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দর্শনা পৌরসভায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত।

স্মার্ট হবে স্থানীয় সরকার নিশ্চিত করবে সেবার অধিকার প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে র্যালি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় পৌরসভার সামনে থেকে র্যালি বের হয়ে দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভার হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে আলোচনা করেন পৌর সচিব সাজেদুল আলম, পৌরসভার কর নির্ধারক সরওয়ার হোসেন, শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি আরিফিন হোসেন সাধারণ সম্পাদক হারুন অর রশিদ সহ-সম্পাদক জাহিদুল ইসলাম সহ পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য র্যালি এবং র্যালি শেষে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন,

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুল ইসলাম শেখ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ সহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে স্থানীয় সরকার দিবসের সমাপনি অনুষ্ঠান ও আলোচনা সভা

গাংনী উপজেলায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেকের সভাপতিত্বে স্থানীয় সরকার দিবসের অনুষ্ঠানে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, উপজেলার ৯ টি ইউনিয়নের চেয়ারম্যান বৃন্দ, সরকারি অফিসের বিভিন্ন কর্মকর্তা, বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন।

স্থানীয় সরকার দিবসের মেলায় ১৫টি স্টল সাসাজানো হয়। সমাপনী অনুষ্ঠানে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পরে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃনদদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ প্রথম, মটমুড়া ইউনিয়ন পরিষদ দ্বিতীয় এবং সাহারবাটী ইউনিয়ন পরিষদ তৃতীয় স্থান অধিকার করেন। তাছাড়া তিনদিন ব্যাপী মেলায় অংশগ্রহণ কারী সরকারি প্রতিষ্ঠানের প্রধানের হাতে পুরস্কার তুলে দেয়া হয়।

[redacted]

[redacted]

চিৎলা ইউপি সচিব মুছাব আলী,সহকারি শিক্ষক বকুল,সহকারি শিক্ষক সীমা সাহা,প্রধান শিক্ষক খন্দকার রাকিবুল ইসলাম,, সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী বৃন্দ।সভায় উপজেলা কৃষি অফিস সেরা স্টল হিসেবে ১ম পুরস্কার পান,উপজেলা প্রানী সম্পদ অফিস ও উপজেলা প্রকৌশলী অফিস যৌথ ভাবে ২য় স্থান,এবং উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করেন।

অন্যদিকে ইউনিয়ন পরিষদের মধ্যে চিৎলা ইউনিয়ন ১ম স্থান,খাসকররা ইউনিয়ন ২য় স্থান ও হারদী ইউনিয়ন ও নাগদাহ ইউনিয়ন যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করায় তাদের সকলকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করেন অতিথি বৃন্দ।

এছাড়াও মেলায় যে সকল প্রতিষ্টান স্টল দিয়েছে তাদেরকে সান্তনা পুরস্কার দেওয়া হয়,এবং উপজেলা ভাইস চেয়ারম্যান, সহকারি কমিশনার ভুমি,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম ও উপস্থাপক শামিম রেজাকে বিশেষ পুরস্কার ক্রেস্ট প্রদান করা হয়।

দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলায় সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ এর উন্নয়ন মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

তিনদিনব্যাপী এই উন্নয়ন মেলার সমাপনী দিনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১ম স্থান অধিকার করেছে হাউলী ইউনিয়ন পরিষদ, ২য় স্থান অধিকার করেছে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ ও ৩য় স্থান উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউপি

চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ সহ সকল ইউপি সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি প্রমুখ।

কার্পাসডাঙ্গা ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নের উদ্ভাবনের স্থানীয় সরকার এই প্রতিপাদ্যকে সামনে রেখে কার্পাসডাঙ্গা ইউনিয়ন স্থানীয় সরকার ২০২৩ উপলক্ষে অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব হাসানুজ্জামান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ ও সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ।

এসময় চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালন করা হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে।

সর্বশেষ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নেতৃত্বে একটি বিশাল র্যালী কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হইতে বাজার প্রদক্ষিণ করে।

চুয়াডাঙ্গায় স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়ন- উদ্ভাবনে স্থানীয় সরকার এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় র্যালি ও আলোচনা সভায় মধ্যে দিয়ে পালিত হয়েছে স্থানীয় সরকার দিবস ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন করে আবারো চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় এসে শেষ হয় । র্যালি পরবর্তী আলোচনা সভা চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি বলেন, সারা বাংলাদেশের ন্যায় চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হচ্ছে স্থানীয় সরকার দিবস। বাংলাদেশের সার্বিক উন্নয়নের সরকারের পাশাপাশি স্থানীয় সরকারের গুরুত্ব ও ভূমিকা অগ্রণী। দেশের উন্নয়ন ত্বরান্বিত ও বেগবান করতে হলে আমরা যারা স্থানীয় সরকার আছি তাদের আরো বেশি কাজ করতে হবে।আগামীর স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন করতে হলে স্থানীয় সরকার যারা আছে তাদের প্রতি বিশেষ দৃষ্টি দিয়ে তিনি বলেন জনগণের সাথে আমাদের সম্পৃক্ততা আরও বেশি বাড়াতে হবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ প্রশাসন) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) শারমিন সুলতানা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা বৃন্দ। আলোচনা সভাটি উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহিদুল আলম মিনহাজ।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে র্যালি ও পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, রিকাত আলী, আব্দুল হান্নান পটু, শাহজামাল, সেলিম উদ্দিন সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সেবা গ্রহীতারা উপস্থিত ছিলেন।

এসময় হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালিত হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবিচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে। ১৭,১৮,১৯ তারিখ এই তিন দিন স্থানীয় সরকার উন্নয়ন মেলা উপজেলা চত্বরে অনুষ্ঠিত হচ্ছে, সেখানে আমাদের হাউলী ইউনিয়ন পরিষদের স্টল রয়েছে। ওই স্টলেও নিরবিচ্ছিন্ন হবে সেবা প্রদান করা

হচ্ছে।

কুষ্টিয়ায় ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উপলক্ষে উন্নয়ন মেলা

‘সেবা ও উন্নতির দক্ষ রূপকার উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়ার মিরপুরে ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপন করা হয়েছে।

প্রথমবারের মতো ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণসহ উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

গতকাল রোববার সকালে উপজেলা পরিষদের কাঁঠাল চত্বরে ফিতা কেটে এ মেলার উদ্বোধন করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

পরে উপজেলা অডিটোরিয়ামে মিরপুর উপজেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) জহুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী, কৃষি কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন প্রমূখ।

আলোচনা সভায় জানানো হয়, সবার সম্মিলিত প্রচেষ্টায় জাতির পিতার স্বপ্নের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও উন্নত-সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মাণ করতে বর্তমান সরকার সক্ষম হবে। একইসাথে এ দিবসের মাধ্যমে মাটি ও মানুষের আরো কাছাকাছি যাওয়া এবং জনগণকে সেবা

প্রদানের নতুন দ্বার উন্মোচিত হবে বলেও আশা প্রকাশ করেন তারা।

মেলায় প্রতিটি ইউনিয়ন পরিষদ, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সব দপ্তর ও সংস্থা সরকারের বাস্তবায়িত উন্নয়ন কর্মকাণ্ড এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা তুলে ধরে।

মেলায় নিজ নিজ প্রতিষ্ঠান জনগণকে প্রদেয় সেবাগুলো তাৎক্ষণিকভাবে দেওয়ারও ব্যবস্থা ছিলো।

আলমডাঙ্গায় ৩দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস ও উন্নয়ন মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে তিনদিন ব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা-২০২৩’র উদ্বোধন করা হয়েছে।

” সেবা ও উন্নতির দক্ষ রুপকার,উন্নয়নে উন্নয়নে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আজ রোববার সকাল ১০ টার দিকে উপজেলা মঞ্চ চত্বরে এ মেলার উদ্বোধন করা হয়।

উন্নয়ন মেলা উপলক্ষে শহরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ মঞ্চে উন্নয়ন মেলা সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন। তিনি বলেন বর্তমান সরকার স্থানীয় সরকারকে শক্তিশালি করতে সবরকম কাজ করে যাচ্ছেন,প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবন কে একটি মিনি সচিবালয়ের মত করে গড়ে তুলেছেন,সেখানে উপজেলার প্রতিটি দপ্তরের অফিস করে দেওয়া হয়ে,গ্রামের সকল মানুষ ইউনিয়ন পরিষদ থেকে সকল রকমের সেবা পাচ্ছেন।তিনি আরো বলেন সম্প্রতি মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা সারা দেশের প্রায় ৮/১০ হাজার